




প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আদেশ, ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড ঢাকার নির্দেশনা মোতাবেক অদ্য ০১/০৮/২০১৬ ইং সোমবার বেলা ১১.০০ হতে ১২.০০ টা পর্যন্ত সারাদেশের ন্যায় খুলনা নেছারিয়া কামিল মাদরাসা খুলনায় সারাদেশে অব্যাহত সন্ত্রাস ও জংগীবাদের বিরুদ্ধে মানববন্ধন কর্মসূচি পালিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাদরাসার অধ্যক্ষ মুহাঃ রহমাতুল্লাহ। সভাপতি সাহেব তার বক্তব্যে বলেন ইসলাম শান্তির ধর্ম। সন্ত্রাস ও জংগীবাদ নির্মূল করাই ইসলামের শিক্ষা। শিক্ষাঙ্গনে সন্ত্রাস ও জংগীবাদ মুক্ত রাখার সব ধরনের ব্যবস্থা করা সকল শিক্ষা প্রতিষ্ঠানের কর্তব্য। মানবতার যুক্তির দূত বিশ্বনবী (সঃ) এর আদর্শ আর কুরআনের শিক্ষা অনুস্মরণ করলেই সকল সন্ত্রাস, জংগীবাদ, দুর্নীতি, অনাচার, মানবতাবিরোধী কর্মকাণ্ড থেকে জাতিকে মুক্ত করা সম্ভব। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন উপাধ্যক্ষ, ডি,এম,নুরুল ইসলাম, মাওঃ শহীদুল ইসলাম, মাওঃ আবুবকর সিদ্দিক, মোঃ সাইফুল বারী, মাওঃ রফিকুল ইসলাম, মোঃ শহীদুল ইসলাম, এস,এম,আতিকুল ইসলাম ও ছাত্র মোঃ জাকারিয়া প্রমুখ।


 ০১/০৮/১৬
 মুহাঃ রহমাতুল্লাহ
 অধ্যক্ষ
 ইনজেন্স নং-০৬০০৬০
 খুলনা নেছারিয়া কামিল মাদ্রাসাহ
 মুজগুন্নী, জি.পি.ও, খুলনা-৯০০০